ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৩৬
মোহনপুর,৫ মে,২০২৫

**মোহনপুরে মুখ্যমন্ত্রী অন্ত্যোদয়**
**শ্রদ্ধাঞ্জলি যোজনায় সহায়তা**

মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলি যোজনায় গত অর্থবছরে মোহনপুর পুরপরিষদ এলাকায় ৪টি, লেফুঙ্গা ব্লকে ২টি, বামুটিয়া ব্লকে ৬টি এবং মোহনপুর ব্লকে ৫টি পরিবার উপকৃত হয়েছে। এই যোজনায় অন্ত্যোদয় পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তির মৃত্যু হলে ঐ পরিবারকে এককালীন ২ হাজার টাকা আর্থিক সহায়তা দেওয়া হয় অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করার জন্য। মোহনপুর আই.সি.ডি.এস. প্রজেক্টের সি.ডি.পি.ও. দীপক চন্দ্র সরকার এ তথ্য জানান।

*****